

ময়মনসিংহে এ্যাকুয়াকালচার এবং ফিশারিজ সম্পর্কিত আসিয়ান-বাংলাদেশ আন্তর্জাতিক কর্মশালার উদ্বোধন করলেন পররাষ্ট্র সচিব

ময়মনসিংহ (রবিবার, ৩ মার্চ ২০২৪ খ্রি.):

তিন দিনব্যাপী (৩-৫ মার্চ) 'টুওয়ার্টস সাস্টেইনেবল এ্যাকুয়াকালচার: এন আসিয়ান-বাংলাদেশ ইনেশিয়েটিভ অন এন্টিবায়োটিক স্টিওয়ার্ডশিপ, গুড প্রেক্টিস এন্ড ক্লাস্টার ফার্মিং' শীর্ষক কর্মশালা আজ রবিবার (০৩ মার্চ) দুপুরে হোটেল সিলভার ক্যাসেল, ময়মনসিংহ এ উদ্বোধন করেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মাসুদ বিন মোমেন। যৌথভাবে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, মৎস্য অধিদপ্তর ও আসিয়ান সেক্রেটারিয়েট কর্তৃক আয়োজিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সচিব।

কর্মশালার গুরুত্ব তুরে ধরে প্রধান অতিথি পররাষ্ট্রসচিব রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন বলেন, টেকসই জলজ চাষ ও মৎস্য খাতে সহযোগিতা জোরদার করার জন্য বাংলাদেশ এবং আসিয়ান দেশগুলোর মাঝে সেরা অনুশীলনগুলো ভাগ করে নেওয়াই এ কর্মশালার মূল বিষয়। আশা করা যায় যে, আসিয়ান এবং বাংলাদেশের বিশেষজ্ঞরা তাদের অভিজ্ঞতা এবং সর্বোত্তম অনুশীলনগুলো তুলে ধরবেন। শেষ পর্যন্ত জলজ খাতে বাংলাদেশ এবং আসিয়ানের মধ্যে নতুন সহযোগিতা তৈরির সুপারিশ প্রণয়ন হবে সে প্রত্যাশা ব্যক্ত করি।

মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক সৈয়দ আলমগীর এর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ টি এম মোস্তফা কামাল, চার্জ ডি এফিয়ার্স, হাইকমিশন অব দি রিপাবলিক অব সিংগাপুর এন্ড চেয়ার অব আসিয়ান ঢাকা কমিটি মিস শেলা পিল্লাই, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড.মোঃ জুলফিকার আলী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ঢাকার আসিয়ান মিশনের প্রধানগণ, খাদ্য ও কৃষি সংস্থার প্রতিনিধিগণ, শীর্ষ আমলাগণ, নীতিনির্ধারকগণ, গবেষকবৃন্দ এবং দশ আসিয়ান দেশ ও বাংলাদেশের অংশগ্রহণকারীরা।

কর্মশালায় জানানো হয়, বাংলাদেশ সরকার সম্প্রতি আসিয়ানের একটি বিভাগীয় সংলাপের অংশীদার হওয়ার প্রয়াসে আসিয়ানের সাথে তার অংশগ্রহণ আরও বিস্তৃত করার জন্য বেশ কয়েকটি উদ্যোগ নিয়েছে। এই কর্মশালাটি ফিশারিজ আসিয়ান-বাংলাদেশ সহযোগিতা প্রকল্পের একটি অংশ, যা বাংলাদেশ সরকার দ্বারা অর্থায়ন করা হচ্ছে এবং ০৫ মার্চ শেষ হবে কক্সবাজারে। দর্শনীয় স্থান, বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট, ময়মনসিংহের ফিশারিজ প্রকল্প ইত্যাদি স্থানগুলো পরিদর্শনের ব্যবস্থাও করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। প্রকল্পের অবশিষ্ট অংশ, একটি প্রশিক্ষণ প্রোগ্রাম এবং সেমিনার, এ বছর জাকার্তায় সংগঠিত হবে।

অনুষ্ঠানে আরো জানানো হয়, মৎস্য ও জলজ চাষে বাংলাদেশ এবং আসিয়ানের মধ্যে সম্পর্ক আরো জোড়ালো করবে তিন দিনের এই সেমিনার। আসিয়ান দেশগুলোর মিশন প্রধানদের এবং কূটনীতিকদের সাথে নিয়ে ফিশারিজ প্রকল্পগুলো সফরের ব্যবস্থা করা হয়েছে। এতে ভবিষ্যতে আসিয়ান ও বাংলাদেশের মধ্যে সহযোগিতার পথ আরও সুগম করবে।#

মনির/ দেওয়ান/ রিদওয়ান / হদা/ রেজভী/২০২৪/১৮:৩০ ঘন্টা

